

প্রেস রিলিজ
২৩ মার্চ ২০২৫


বাউবিতে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় দোয়া ও ইফতার মাহফিল



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জাতীয়তাবাদী কর্মকর্তা পরিষদ আয়োজিত “দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় আজ ২৩ মার্চ ২০২৫ তারিখ বিকাল ৪:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে এক দোয়া ও ইফতার মাহফিল” অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাউবির উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি বলেন, মাহে রমজানের পবিত্রতা রক্ষা এবং একমাস সিয়াম সাধনার তাৎপর্য ও মাহাত্ম্য বজায় রাখতে হলে আমাদেরকে মহান আল্লাহ তায়ালার প্রদর্শিত জীবন বিধান মেনে চলতে হবে। অসহায় ও আর্তমানবতার সেবায় এগিয়ে আসতে হবে। দুঃস্থ ও গরিব দুখীদের পাশে দাড়াতে হবে এবং সামর্থ্য অনুসারে যাকাত আদায় করতে হবে। তিনি বলেন, আপোষহীন নেত্রী বেগম খালেদা জিয়া দেশের পতাকা, সার্বভৌমত্ব ও গণতন্ত্রের জন্য সংগ্রাম করে যাচ্ছেন। দেশ ও জাতির জন্য বেগম জিয়ার আত্মত্যাগ বর্ণনাতীত। তাই জাতীয়তাবাদী আদর্শের অনুসারী সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। এছাড়াও তিনি একটি সুন্দর বসবাসযোগ্য সুন্দর বাংলাদেশ বিনির্মাণে স্ব স্ব পেশার প্রতি আনুগত্য থেকে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শকে ধারণ করে সকলকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে যেতে হবে বলেও অনুষ্ঠানে মত প্রকাশ করেন। এছাড়াও উপাচার্য দেশনেত্রী বেগম খালেদা জিয়ার পূর্ণাঙ্গ সুস্থতা ও দীর্ঘ জীবন কামনা করেন।

বিশেষ অতিথি হিসেবে মাহে রমজানের তাৎপর্য ও মাহাত্ম্য এবং শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শ তুলে ধরে বক্তব্য রাখেন, বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন ও ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম।

অনুষ্ঠানে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার পূর্ণাঙ্গ সুস্থতা ও দীর্ঘ জীবন কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। দোয়া মাহফিল শেষে বাউবির জাতীয়তাবাদী কর্মকর্তা পরিষদের পক্ষ থেকে ইফতারের আয়োজন করা হয়।



মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)